



Wednesday, June 24th, 2015 10:42 am

বাংলাদেশের শিশুশ্রম নিরোধমূলক প্রতিষ্ঠান ডিসিআই



প্রথমবার্তা, ঢাকাঃ যুক্তরাষ্ট্রের কানেকটিকাট নিবাসী ডঃ এহসানুল হক কয়েকজন সহযোগীকে নিয়ে শিশুদের ক্ষতিকর ও ঝুঁকিপূর্ণ কাজ থেকে রক্ষা করার জন্য একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান গড়ে তুলেছেন-যার নাম- Distressed Children and Infant International(DCI)। তিনি এই প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক।

তাদের শিশু কল্যাণ কর্মসূচি রয়েছে বাংলাদেশ, ভারত ও নেপাল সহ অন্যান্য দেশে।ডিসিআই এর সহায়তায় বাংলাদেশে যে সংস্থাটি গড়ে উঠেছে তার নাম Rights & Sight for Children (RSC)। রাইটস এন্ড সাইট (আরএসসি) বাংলাদেশের একটি বেসরকারি অলাভজনক সংস্থা, যা ১৯৯৬ সাল থেকে শিশু অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করে যাচ্ছে বিভিন্ন প্রোগ্রামের মাধ্যমে। যেমনঃ শিক্ষার ব্যবস্থা করা, মৌলিক স্বাস্থ্যসেবা ও দৃষ্টিসেবা প্রদান, কমিউনিটি বা সামাজিক উন্নয়ন, উপার্জনমূলক কার্যক্রমের ব্যবস্থাকরণ, ভলান্টিয়ার প্রশিক্ষণের মাধ্যমে



SKIP >>>



তরণসমাজ উদ্বুদ্ধকরণ এবং ভবিষ্যত যোগ্য নেতৃত্ব গড়ে তোলা। রাজধানী ঢাকার মোহাম্মাদপুর এলাকায় গড়ে উঠেছে আরএসসি পরিচালিত 'সান চাইল্ড হোম' যেখানে বর্তমানে ৪৫ জন এতিম দুঃস্থ মেয়েশিশুকে অন্ন, বস্ত্র, বাসস্থান, চিকিৎসাসহ পূর্ণ সহযোগিতা প্রদান করা হচ্ছে একটি পরিবারের মত করেই।



অপ্রাপ্ত বয়স্ক বাচ্চা যারা শহরে বন্দরে দুর্ভিক্ষপূর্ণ নানা কাজে নিয়োজিত তাদের লেখা পড়া, স্বাস্থ্য এবং জীবনের সকল মৌলিক চাহিদা মিটিয়ে পরিপূর্ণমানুষ হিসেবে গড়ে তোলার সুযোগ করে দেওয়া ডিসিআই এর ব্রত। আর সেজন্য ডিসিআই, বাংলাদেশ এবং অন্যত্র সরকারী ও বেসরকারী নানা প্রতিষ্ঠানও সমাজের বিভিন্ন স্তরের মানুষের সঙ্গে সহযোগিতার ভিত্তিতে শিশু শ্রমনিরোধ ও শিশু কল্যাণের নানা কর্মসূচিতে নিয়োজিত। এই কাজে তারা আমেরিকা এবং বাংলাদেশের নবীন প্রজন্মের ছেলেমেয়েদেরও সম্পৃক্ত হতে উদ্বুদ্ধ করছে নানা উপায়ে।